

টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ(এসডিজি)বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত উপজেলা কমিটি, কাহালু, বগুড়া এর সভার কার্যবিবরণী:

সভার তারিখ: ১২/০৩/২০২০ খ্রিঃ।

সময়: সকাল: ১০.০০ ঘটিকা।

স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ।

সভাপতি: জনাব মোঃ মাহুদুর রহমান, উপজেলা নিবাহী অফিসার, কাহালু, বগুড়া।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো।

আলোচ্য বিষয়:

- ১। গত সভার রেজুলেশন পর্যালোচনা ও অনুমোদন।
- ২। দফতর ভিত্তিক কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা।
- ৩। বিবিধ।

অধ্যকার সভার শুরুতে সভাপতি উপজেলা নিবাহী অফিসার মহোদয় উপস্থিত সকল সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপস্থিত সকল সদস্যদেরকে মুজিব বর্ষের শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচি অনুসারে কমিটির সদস্য সচিব উপজেলা সমাজসেবা অফিসার, কাহালু, বগুড়াকে সভা পরিচালনার আহ্বান জানান। তৎপ্রেক্ষিতে সদস্য সচিব টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ(এসডিজি)বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত উপজেলা কমিটির সম্মানীত সকল সদস্যের পরিচিতির উপর ক্রমানুসারে পদ ভিত্তিক আলোচনা করেন। তিনি বলেন, আগামী ২০৩০ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত রাষ্ট্রের কাতারে নিয়ে যেতে টেকসই উন্নয়নের(এসডিজি) সকল লক্ষ্যসমূহ শতভাগ অর্জনের নিমিত্ত একদম মাঠ পর্যায় থেকে শুরু করে প্রশাসনের সর্বচ্চো স্তর পর্যন্ত সবাইকে সততা, দক্ষতা এবং আরো বেশী আন্তরিকার সহিত অর্পিত দায়িত্ব পালন করতে হবে।

এ পর্যায়ে সভাপতি মহোদয় বলেন, আগামী ১৭ এপ্রিল হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী ও জাতীয় শিশুদিবসে মুজিব বর্ষ পালন উল্লেখ্য রাষ্ট্র কর্তৃক প্রদত্ত সকল কর্মসূচি পালন করে সকলকে সাথে নিয়ে সীমিত সম্পদের সর্বচ্চো ব্যবহারের মাধ্যমে দেশ তথা জাতিকে আরো সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে হবে। একই লোক যেন, একাধিক কোন সরকারি সুযোগ-সুবিধা না পায়, তার জন্য সভার সকল সদস্যদের প্রতি একাধিকবার গুরুত্বসহকারে দৃষ্টি আকর্ষণ করেন।

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন, বর্তমান বিশ্বে বৈশিক সমস্যা হিসাবে করোনা ভাইরাস নামে একটি রোগ মহামারী আকারে দেখা দিয়েছে। যার মোকাবেলায় বর্তমান সরকার বিশেষ করে স্বাস্থ্য অধিদফতরের মাধ্যমে প্রয়োজনীয় সকল কার্যক্রম হাতে নিয়েছে। এ ব্যাপারে তিনি পরিস্কার পরিচ্ছন্ন অবস্থানে থেকে সর্বদা স্বাস্থ্য সম্মত জীবন-যাপনের আহ্বান জানান।

উপজেলা কৃষি অফিসার বলেন, কৃষক তথা দেশের উন্নয়নের জন্য তাহার দফতরের মাধ্যমে বর্তমান সরকারের কৃষি সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালিত হচ্ছে।



কমিটির সদস্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, এসডিজির লক্ষ্য অর্জনের জন্য আগে আমাদের সঠিক ও কার্যকরী পরিকল্পনা গ্রহণ করতে হবে। তিনি বলেন, ঔষধ সেবনের ক্ষেত্রে (এ্যান্টিবায়োটিক গ্রহণ) আরো সীমিত আনতে হবে।

সভার সদস্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন, গর্ভবতী মহিলাদের মাতৃত্বকালীন ভাতা তাহার দফতরের মাধ্যমে সঠিক ও সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে।


কমিটির সদস্য ও প্রতিবন্ধী সংগঠনের নেতা প্রতিবন্ধী মোঃ শামীম হোসেন বলেন, দেশকে এগিয়ে নিয়ে যেতে হলে, রাষ্ট্রের সকল নাগরিকদের সমান সুযোগ-সুবিধা নিশ্চিত করতে হবে। সে ক্ষেত্রে, প্রতিবন্ধী ব্যক্তিদের সহজ প্রবেশ গম্যতা নিশ্চিত করার জন্য বিভিন্ন কোড মেনে বিভিন্নয়ের নকশা প্রনয়নের জন্য সভায় সকলের বিশেষ করে উপজেলা প্রকৌশলী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।


কমিটির সদস্য মোঃ মাকছুদুর রহমান বলেন, দারিদ্র দূরীকরণে লিঙ্গ সমতা নিশ্চিত করতে হবে। উপজেলায় কার্যরত সকল এনজিওদের কার্যক্রমের সমন্বয় আনার জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। সামাজিক নিরাপত্তার আওতায় সকল ভাতা প্রাপ্যতার ক্ষেত্রে আরো স্বচ্ছতা আনার জন্য বিভিন্ন পরামর্শ প্রদান করেন। তিনি আরো বলেন, দলমত নির্বিশেষে সকলকে নিজ নিজ অবস্থান থেকে আরো দায়িত্বশীল হয়ে কাজ করার আহবান জানান।

সভার সদস্য ও কাহালু ইউনিয়নের চেয়ারম্যান মহোদয় বলেন, টেকসই উন্নয়নের লক্ষ্যে সততা ও নিষ্ঠার সাথে নিজ নিজ অবস্থান থেকে সবাইকে কাজ করতে হবে। তিনি আরো বলেন, তার ইউনিয়নসহ সকল ইউনিয়ন এবং অত্র উপজেলার সকল দফতরকে দুর্নীতি মুক্তভাবে কাজ করার শপথ নিতে হবে। তিনি সভায় নিশ্চিত করেন যে, তাহার অফিস তথা ইউনিয়নের সকল কার্যক্রম দুর্নীতি মুক্ত থাকবে।

সভার সমাপনিতে উপদেষ্টা ও উপজেলা চেয়ারম্যান মহোদয় বলেন, বিভিন্ন দফতরে সরকার কর্তৃক গৃহীত সকল কর্মকান্ড স্বচ্ছতা ও নিষ্ঠার সহিত সম্পাদন করতে পারলে এসডিজির সকল লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়ন সম্ভব হবে। তিনি আরো বলেন, বাল্য বিবাহ, ইভটিজিং, মাদক দ্রব্য সেবন ও বহন রোধ করার জন্য সংশ্লিষ্ট সবাইকে আরো বেশী সচেতন হওয়ার আহবান জানান।

আর বিশেষ কোন আরোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার কার্যক্রম আজকের মতো সমাপ্ত ঘোষণা করা হয়।


(মোঃ জাহিদ হাসান)
উপজেলা সমাজসেবা অফিসার
কাহালু, বগুড়া
ও
সদস্য সচিব


(মোঃ মাকছুদুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
কাহালু, বগুড়া
ও
সভাপতি

টেকসই উন্নয়ন অধীষ্টসমূহ (এসডিজি) বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত উপজেলা কমিটি, টেকসই উন্নয়ন অধীষ্টসমূহ (এসডিজি) বাস্তবায়ন ও সমন্বয় সম্পর্কিত উপজেলা কমিটি